

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৪৩

٩. यन भनाता त्रु पिष्ठ छे अत्म भाना (کتَابُ الرَّقَائق)

পরিচ্ছেদঃ কোন ব্যক্তি সাত রীতির যে কোন রীতিতে কুরআন পাঠ করতে পারবেন, কোন সমস্যা নেই

ذِكْرُ الْبَيَانِ بِأَنْ لَا حَرَجَ عَلَى الْمَرْءِ أَنْ يَقْرَأَ بِمَا شَاءَ مِنَ الْأَحْرُفِ السَّبْعَةِ

## আরবী

743 \_ أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ أَحْمَدَ بْنِ بِسْطَامٍ بِالْأَبُلَّةِ قَالَ: حَدَّثَنَا سَعِيدُ بْنُ يَحْيَى بْنِ سَعِيدِ الْأُمُويُّ قَالَ: حَدَّثَنَا أَبِي عَنِ الْأَعْمَشِ عَنْ عَاصِمٍ عَنْ زِرِّ عَنْ عَبْدِ اللَّهِ قَالَ: سَعِيدِ الْأُمُويُّ قَالَ: عَنْ عَبْدِ اللَّهِ قَالَ: سَمِعْتُ رَجُلًا يَقْرَأُ آيَةً أَقْرَأُنِيهَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خِلَافَ مَا قَرَأُ فَأَتَيْتُ النَّهِ عَلَيْهِ وَسَلَّمَ خَلَافَ مَا قَرَأُ وَقَالَ: إِنَّ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَيْهِ وَسَلَّمَ عَلَيْهِ وَسَلَّمَ عَلَيْهِ وَسَلَّمَ عَلَيْهِ وَسَلَمَ عَلَيْهِ وَسَلَم عَلَيْهِ وَسَلَم عَلَيْهِ وَسَلَم عَلَيْهِ وَسَلَم عَلَيْهِ وَسَلَم عَلَيْهِ وَسَلَم أَن تقرأوا كما عُلِّمْتُمْ.

الراوي: عَبْد اللَّهِ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 743 ا خلاصة حكم المحدث: حسن.

## বাংলা

৭৪৩. আব্দুল্লাহ বিন মাস'উদ রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি এক ব্যক্তিকে একটা আয়াত এমন রীতিতে পড়তে শুনি, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যা আমাকে ভিন্ন রীতিতে পড়িয়েছেন। অতঃপর আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে আসলাম, এসময় তিনি আলী রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহুর সাথে একান্ত আলাপে নিয়োজিত ছিলেন। আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে ব্যাপারটি বললাম। তখন আলী রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু আমাদের কাছে আসলেন এবং বললেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আপনাদেরকে আদেশ করছেন কুর'আন সেভাবে পাঠ করতে যেভাবে আপনাদের শিক্ষা দেওয়া হয়েছে।"[1]

## ফুটনোট

[1] তাফসীরে তাবারী: ১৩; মুসনাদ আহমাদ: ১/৪১৯।



আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১৫২২।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন